গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
(শৃঙ্খলা ও তদন্ত উপশাখা)
১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয়নগর, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.০০০.১০১.২৭.০০০৩.১৭- ১২৭১ | তারিখ: ১১ মাঘ ১৪৩২ / ২৫ জানুয়ারী ২০২৬

**বিভাগীয় মামলা নং-০১/২০২৬**

বিষয়: জনাব মোঃ সুমন হোসেন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আওতাধীন জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী এর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুকরণ।

**অভিযোগনামা**

যেহেতু, আপনি জনাব মোঃ সুমন হোসেন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আওতাধীন জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহীতে কর্মরত রয়েছেন। জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহীতে ২০২৫-২০২৬ অর্থবছরে বিগত ২০২৪-২০২৫ অর্থবছরের ০৩ (তিন)টি বিল জাল করে হিসাবরক্ষণ অফিসে দাখিল এবং বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী হতে মেসার্স এম এস এন্টারপ্রাইজ এর নামে ০৩ (তিন)টি চেকের মাধ্যমে ১৪,১৬,০০০/-(চৌদ্দ লক্ষ ষোল হাজার) (ভ্যাট ও ট্যাক্সসহ) গ্রহণের অভিযোগের প্রেক্ষিতে অত্র দপ্তর কর্তৃক ৩০-১১-২০২৫ তারিখে ৪০.০১.০০০০.০০০.০০০.৯৯.০০২৩.২৪.১৪০ নম্বর অফিস আদেশমূলে তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী- আপনি জালিয়াতির মাধ্যমে ২০২৫-২০২৬ অর্থবছরের বাজেট হতে ০৩ (তিন)টি বিল জালিয়াতি করে বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী হতে মেসার্স এম এস এন্টারপ্রাইজ এর নামে ০৩ (তিন)টি চেকের মাধ্যমে ভ্যাট ও ট্যাক্সসহ মোট ১৪,১৬,০০০/-(চৌদ্দ লক্ষ ষোল হাজার) টাকা (ভ্যাট/ট্যাক্স বাদে ১২,৩৮,৯৯৯/-(বারো লক্ষ আটত্রিশ হাজার নয় শত নিরানব্বই টাকা) উত্তোলন ও আত্মসাত করেন;

০২। যেহেতু, আপনার এ ধরনের অসঙ্গত আচরণ চাকুরী শৃঙ্খলার জন্য হানিকর এবং একজন সরকারি কর্মচারীর পক্ষে শিষ্টাচার বহির্ভূত আচরণ; এবং

০৩। যেহেতু, আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি মতে অসদাচরণ এবং একই বিধিমালার ৩(খ) ও ৩(ঘ) বিধিমতে "অসদাচরণ" ও "দুর্নীতিপরায়নতা" এর পর্যায়ভূক্ত শাস্তিযোগ্য অপরাধ।

০৪। সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধিমতে "অসদাচরণ" ও "দুর্নীতিপরায়নতা" এর অভিযোগে অভিযুক্ত করা হলো। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনাকে "চাকুরী হইতে বরখাস্ত" করা হবে না অথবা একই বিধিমালায় বর্ণিত অন্য কোনো উপযুক্ত দন্ড প্রদান করা হবে না- তা উক্ত বিধিমালার ৭(১)(খ) বিধি অনুযায়ী এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কি-না বা আপনার পক্ষ সমর্থনে কোনো সাক্ষ্য/প্রমাণাদি উপস্থাপন করতে চান কিনা- তা নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। নির্ধারিত সময়ে জবাব প্রদানে ব্যর্থ হলে প্রতীয়মান হবে যে, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে আপনার কোনো বক্তব্য নেই এবং এক্ষেত্রে কর্তৃপক্ষ একতরফাভাবে সিদ্ধান্ত গ্রহণ করবেন। যে অভিযোগ বিবরণীর ওপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।

২৫/০১/২৬

(ওমর মোঃ ইমরুল মহসিন)
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)

**প্রাপক:**

জনাব মোঃ সুমন হোসেন
অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক
জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট
১৪৭/১, ওয়ার্ড নং-১৪, সেনানিবাস সড়ক, তেরখাদিয়া, রাজপাড়া, রাজশাহী-৬২০২

**<u>স্থায়ী ঠিকানা:</u>**

জনাব মোঃ সুমন হোসেন
পিতা: জনাব শফি বেপারী
গ্রাম: চরওয়েষ্টার, ডাকঘর: মোহনপুর-৩৬৪১, থানা: মতলব উত্তর, জেলা: চাঁদপুর।

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.০০০.১০১.২৭.০০০৩.১৭- ১২৭১/১(৯)

তারিখ: ১১ মাঘ ১৪৩২ / ২৫ জানুয়ারী ২০২৬

**জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১। যুগ্মমহাপরিদর্শক, প্রশাসন অধিশাখা; কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;

২। যুগ্মমহাপরিদর্শক, জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী;

৩। উপমহাপরিদর্শক, মানব সম্পদ উন্নয়ন শাখা; কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;

৪। উপমহাপরিদর্শক, প্রশাসন শাখা; কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;

৫। সহকারী মহাপরিদর্শক (স্টাফ অফিসার টু মহাপরিদর্শক), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য);

৬। জনাব মোঃ সুমন হোসেন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক এর ব্যক্তিগত নথি;

৭। ডোসিয়ার সংরক্ষণকারী কর্মকর্তা;

৮। শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ); এবং

৯। অফিস কপি/গার্ড ফাইল।

২৫/০১/২৬

(ওমর মোঃ ইমরুল মহসিন)
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)

**অভিযোগ বিবরণী**

জনাব মোঃ সুমন হোসেন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আওতাধীন জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহীতে কর্মরত রয়েছেন। তার বিরুদ্ধে অভিযোগ নিম্নরূপ:

১. জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহীতে ২০২৫-২০২৬ অর্থবছরে বিগত ২০২৪-২০২৫ অর্থবছরের ০৩ (তিন)টি বিল জাল করে হিসাবরক্ষণ অফিসে দাখিল এবং বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী হতে মেসার্স এম এস এন্টারপ্রাইজ এর নামে ০৩ (তিন)টি চেকের মাধ্যমে ১৪,১৬,০০০/-(চৌদ্দ লক্ষ ষোল হাজার) (ভ্যাট ও ট্যাক্সসহ) গ্রহণের অভিযোগের প্রেক্ষিতে গঠিত তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী- তিনি জালিয়াতির মাধ্যমে ২০২৫-২০২৬ অর্থবছরের বাজেট হতে ০৩ (তিন)টি বিল জালিয়াতি করে বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী হতে মেসার্স এম এস এন্টারপ্রাইজ এর নামে ০৩ (তিন)টি চেকের মাধ্যমে ভ্যাট ও ট্যাক্সসহ মোট ১৪,১৬,০০০/-(চৌদ্দ লক্ষ ষোল হাজার) টাকা (ভ্যাট/ট্যাক্স বাদে ১২,৩৮,৯৯৯/-(বারো লক্ষ আটত্রিশ হাজার নয় শত নিরানব্বই টাকা) উত্তোলন ও আত্মসাত করেন;

২. তার এ ধরনের অসঙ্গত আচরণ চাকুরী শৃঙ্খলার জন্য হানিকর এবং একজন সরকারি কর্মচারীর পক্ষে শিষ্টাচার বহির্ভূত আচরণ; এবং

৩. জনাব মোঃ সুমন হোসেন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের আওতাধীন জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী এর উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ)-তে বর্ণিত সংজ্ঞা অনুযায়ী 'অসদাচরণ' এর পর্যায়ভূক্ত এবং উক্ত বিধিমালার বিধি ৩(খ) ও বিধি ৩(ঘ) মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়নতা' হিসেবে গণ্য এবং শাস্তিযোগ্য অপরাধ।

(স্বাক্ষরিত) ২৫/০৭/২৫

(ওমর মোঃ ইমরুল মহসিন)
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)